



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষিই সমৃদ্ধি



কৃষি মন্ত্রণালয়

অপ্রতিরোধ্য  
অগ্রযাত্রায়  
বাংলাদেশ



আমাদের চাষীরা হলো সবচেয়ে দুঃখী ও নির্যাতিত শ্রেণী এবং তাদের অবস্থার উন্নতির জন্যে আমাদের উদ্যোগের বিরাট অংশ অবশ্যই তাদের পেছনে নিয়োজিত করতে হবে

-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল  
দেশের যোগ্যতা অর্জন করায় আমরা গর্বিত



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন



অপ্রতিরোধ্য  
অগ্রযাত্রায়  
বাংলাদেশ



### স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন

কৃষকদের নিকট কৃষি উপকরণের সহজ প্রাপ্যতা নিশ্চিতকরণকল্পে এবং দেশের সেচ এলাকা সম্প্রসারণের কাজ ত্বরান্বিত করার জন্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বিগত ৯ বছরে বর্তমান কৃষিবান্ধব সরকারের আনুকূল্যে বিএডিসি কৃষি ও কৃষকের জন্য যে অভূতপূর্ব সেবা দিচ্ছে তার ঘনীভূত ফল হচ্ছে কৃষকের নিকট বীজ, সেচ ও সারের সহজলভ্যতা।

#### বিগত ৯ বছরে বিএডিসি'র সাফল্য

##### ক্ষুদ্রসেচ কার্যক্রম

- ❖ ৭১২৪.০০ কি.মি. খাল-নালা পুন:খননের মাধ্যমে অতিরিক্ত ১,০৪,৪৭৫ হেক্টর জমি সেচের আওতায় আনয়ন;
- ❖ সেচ কাজে ভূ-উপরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা বৃদ্ধির লক্ষ্যে ৬টি রাবার ড্যাম নির্মাণ;
- ❖ ২৮১৮.০০ কি.মি. ভূ-উপরিস্থ পাকা সেচনালা এবং ৮৪৪৬.০০ কি.মি. ভূগর্ভস্থ (বারিড পাইপ) সেচনালা নির্মাণ;
- ❖ ৩০টি সৌর বিদ্যুৎচালিত সেচ পাম্প এবং ৪৫০টি আর্টেসিয়ান নলকূপ স্থাপন এবং সেচ দক্ষতা ৩৫% হতে ৫০% এ উন্নীতকরণ;
- ❖ শেরপুর জেলার নালিতাবাড়িতে ১টি সৌর বিদ্যুৎচালিত পাতকুয়া (ডাগওয়েল) স্থাপন।

##### বীজ ও চারা কলম উৎপাদন এবং বিতরণ কার্যক্রম

- ❖ বিভিন্ন ফসলের সর্বমোট ১২.৯০ লক্ষ মে. টন বীজ উৎপাদন ও কৃষক পর্যায়ে সরবরাহ;
- ❖ ২৮,০০০ মে. টন ধারণ ক্ষমতাসম্পন্ন ১২টি আলুবীজ হিমাগার নির্মাণ এবং ৪টি টিসু কালচার ল্যাবরেটরি স্থাপন;
- ❖ ২৫.১৩৩ লক্ষ মে. টন সবজি, ০.৩৭ লক্ষ মে.টন মসলা, ৪.৪৮ লক্ষ মে. টন ফল, ৩৯৮.৩২ লক্ষ সবজি চারা, ২০১৪.২৫৫ লক্ষ চারা/কলম ও ২৮.৬৮৫ লক্ষ নারিকেল চারা উৎপাদন ও বিতরণ।

##### সার ব্যবস্থাপনা কার্যক্রম

- ❖ আন্তর্জাতিকীয় চুক্তির আওতায় তিউনিশিয়া, মরক্কো, বেলারুশ, রাশিয়া, সৌদিআরব ও কানাডা হতে নন-নাইট্রোজেনাস সার আমদানি কার্যক্রম পরিচালনা;
- ❖ টিএসপি ২৩.৭৮ লক্ষ মে. টন, এমওপি ২৬.৬৪ লক্ষ মে. টন ও ডিএপি ৭.০১ লক্ষ মে. টন সার কৃষক পর্যায়ে বিতরণ;
- ❖ মাটির স্বাস্থ্য রক্ষা/উন্নয়নকল্পে বিএডিসি'র বীজ উৎপাদন খামারগুলোতে জৈব সার (ভার্মি কম্পোস্ট) উৎপাদন ও ব্যবহার;
- ❖ বিএডিসি'র সার গুদামের ধারণক্ষমতা ৯৮,০০০ মে. টন থেকে ১,৮০,৭৩৩ মে. টনে উন্নীতকরণ।

বর্তমান কৃষিবান্ধব সরকার কর্তৃক সারের মূল্য কমানোয় ২০০৯ এর পূর্বের তুলনায় বর্তমানে সারের মূল্য পার্থক্য:

তারিখ	টিএসপি	এমওপি	ডিএপি
১৪-০১-২০০৯ এর পূর্বে	৮০ টাকা	৭০ টাকা	৯০ টাকা
০১-১১-২০১৪ হতে চলমান	২২ টাকা	১৫ টাকা	২৫ টাকা

দেশের মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণকল্পে ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়তে বর্তমান গণতান্ত্রিক সরকারের মহৎ পরিকল্পনা বাস্তবায়নে বিএডিসি'র আন্তরিক ও ঐকান্তিক প্রয়াস অব্যাহত রয়েছে।